গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
১ম ১২ তলা সরকারি অফিস ভবন (১১ তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
www.bkkb.gov.bd

নং ০৫.৮১.০০০০.০০১.০১.০০৩.০৪ (অংশ-৫).৩৭৮ তারিখ: ১৫/০৬/২০২১

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৩২তম বোর্ড সভা ১৩ জুন, ২০২১ জনাব কে এম আলী আজম সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় ও চেয়ারম্যান, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সভাপতিত্বে Zoom Apps এর মাধ্যমে অনুষ্ঠিত হয়।

সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হল।

সংযুক্তি: ৩২তম বোর্ড সভার কার্যবিবরণী।

১৫.০৬.২০২১
( এ কে এম ফজলুজ্জোহা )
পরিচালক(প্রশাসন)
ফোন : ৮৩৯২১২০
ই-মেইল: directoradmin@bkkb.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক।
০২। সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়।
০৩। অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
০৪। অতিরিক্ত সচিব (প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ।
০৫। অতিরিক্ত সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়।
০৬। অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
০৭। বিভাগীয় কমিশনার ও সভাপতি, আঞ্চলিক কল্যাণ কমিটি, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
০৮। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৯। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১০। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা।
১১। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন, মতিঝিল, ঢাকা।
১২। যুগ্মসচিব (সচিবালয় ও কল্যাণ), জনপ্রশাসন মন্ত্রণালয়।
১৩। যুগ্মসচিব(মতামত), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১৪। পরিচালক (প্রশাসন)/পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
১৫। পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর।
১৬। উপসচিব, সচিবালয় শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
১৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, খুলনা/ময়মনসিংহ।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড**
**জনপ্রশাসন মন্ত্রণালয়**
www.bkkb.gov.bd

## বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৩২তম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | **কে এম আলী আজম**<br>**সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়** |
| **তারিখ** | : | **১৩ জুন, ২০২১** |
| **সময়** | : | **সকাল ১০.০০ টা.** |
| **সভার স্থান** | : | **zoom app এর মাধ্যমে** |

সভাপতি সদস্যবৃন্দের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণে ভূমিকা রাখার অনুরোধ জানিয়ে সভা শুরু করেন। মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড সদস্যবৃন্দকে স্বাগত জানান। তিনি পরিচালক (প্রশাসন)-কে সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপনের অনুরোধ করেন। পরিচালক (প্রশাসন) সভায় অবহিত করেন যে, ২২ জুলাই, ২০২০ অনুষ্ঠিত বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৩১তম সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের বরাবর প্রেরণ করা হয়েছে। কোনও আপত্তি বা সংশোধনী না থাকায় তা নিশ্চিত করা হলো।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৩১তম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

| ক্রমিক | আলেচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ | **(ক) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের দিলকুশাস্থ নিজস্ব জায়গায় ৩০তলা ভবন নির্মাণ।**<br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মতিঝিলস্থ ৬নং দিলকুশায় ৩ বিঘা ১৫ কাঠা জায়গায় ৩০তলা বাণিজ্যিক ভবনের নক্সা ১০/০৩/২০১৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট উপস্থাপন করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক কিছু নির্দেশনাসহ বহুবিধ সুবিধাসম্পন্ন ১টি ৩০তলা ভবন নির্মাণের পরামর্শ দেয়া হয়। কেপিআইডিসি প্রস্তাবিত ৩০তলা ভবনের স্থলে ১২তলা ভবন নির্মাণে অনাপত্তি প্রদান করায় মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে ২১ মার্চ, ২০২১ সার-সংক্ষেপ প্রেরণ করা হয়। সার-সংক্ষেপে 'যেভাবে অনুমোদন দেয়া হয়েছিল সেভাবে বাস্তবায়ন করুন' মর্মে মাননীয় প্রধানমন্ত্রী নির্দেশনা প্রদান করায় প্রস্তাবিত ৩০তলা বিশিষ্ট কল্যাণ ভবন নির্মাণের লক্ষ্যে গণপূর্ত বিভাগ কর্তৃক ডিপিপি প্রণয়নের কাজ চলমান রয়েছে। এ বিষয়ে সভায় জানানো হয় যে, অতি সত্বর ডিপিপি জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা সম্ভব হবে।<br>(খ) শেরেবাংলানগরস্থ কমিউনিটি সেন্টারের ভাড়া চুক্তির মেয়াদ ৩০ জুন, ২০২১ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। চুক্তির মেয়াদ ৩০ জুন, ২০২২ পর্যন্ত বৃদ্ধির জন্য র‍্যাব অনুরোধ জানিয়েছে। সভায় অবহিত করা হয় যে, ২০০৮ সাল থেকে কমিউনিটি সেন্টারটি র‍্যাবকে ভাড়া দেয়া হয়েছে। বছর ভিত্তিতে বর্তমান মাসিক ভাড়া ২,৭৬,৭৫০/= টাকা। গণপূর্ত বিভাগের রেট সিডিউল অনুযায়ী নির্ধারিত হারে মাসিক ভাড়া ধার্য্য করা হয়। চুক্তির মেয়াদ ৩০ জুন, ২০২২ পর্যন্ত বৃদ্ধি করার জন্য র‍্যাব আবেদন করেছে। | (ক) ভবনটির ডিপিপি আগামী ১০ (দশ) দিনের মধ্যে প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;<br>(খ) শেরেবাংলানগরস্থ কমিউনিটি সেন্টারের ভাড়ার চুক্তির মেয়াদ ৩০ জুন, ২০২২ পর্যন্ত বৃদ্ধি করা ও গণপূর্ত বিভাগের নির্ধারিত হারে ভাড়া আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড;<br>(২) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর;<br>(৩) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর। |

| | | | |
|---|---|---|---|
| ২.২ | চট্টগ্রামের আগ্রাবাদে অবস্থিত বোর্ডের নিজস্ব কমিউনিটি সেন্টারের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণ:<br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, স্থাপত্য অধিদপ্তর কর্তৃক ২০ তলা ভবনের নকশা প্রণয়ন করা হয়েছে। নকশার আলোকে প্রাক্কলন প্রস্তুতির জন্য গণপূর্ত অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়েছে। সভাপতি প্রাথমিক কার্যক্রম দ্রুত সম্পন্নের নির্দেশনা প্রদান করে। | চট্টগ্রামের আগ্রাবাদে অবস্থিত বোর্ডের নিজস্ব কমিউনিটি সেন্টারের স্থানে ২০ তলা ভবনের প্রাক্কলনসহ অন্যান্য কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | (১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড;<br>(২) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর;<br>(৩) পরিচালক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম। |
| ২.৩ | **<u>স্টাফবাসের গ্যারেজের স্থান নির্বাচন।</u>**<br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বাস/ মিনিবাসসমূহের জন্য মেরামত কারখানা ও গ্যারেজ নির্মাণের লক্ষ্যে উপযুক্ত সরকারি জমি বরাদ্দের অগ্রগতি সম্পর্কে বিভাগীয় কমিশনার, ঢাকা জানান যে, পরবর্তী বোর্ড সভার আগেই এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | স্টাফবাস সার্ভিস কর্মসূচির গাড়িগুলির জন্য মেরামত কারখানা ও গ্যারেজ নির্মাণের লক্ষ্যে বাবু বাজার ব্রিজের পাশে মাওয়া রোডে, আশুলিয়া, টংগী কিংবা উপযুক্ত স্থানে সরকারি জমি বরাদ্দের ব্যবস্থা নিবেন। | (১) বিভাগীয় কমিশনার, ঢাকা।<br>(২) জেলা প্রশাসক, ঢাকা। |
| ২.৪ | **মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে সরাসরি জনবল নিয়োগ।**<br>পরিচালক(প্রশাসন) সভাকে জানান যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মতিঝিল, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশালে মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে মেয়াদভিত্তিক বিভিন্ন ট্রেড কোর্স চালু রয়েছে। করোনা পরিস্থিতির কারণে বিভাগীয় কমিশনারগণের প্রশিক্ষণ কেন্দ্রগুলো পরিদর্শন করে প্রতিবেদন প্রদান করা সম্ভব হয়নি। | করোনা পরিস্থিতি স্বাভাবিক হওয়ার পর বিভাগীয় কমিশনারগণ প্রশিক্ষণ কেন্দ্রগুলো পরিদর্শণ করে প্রতিবেদন প্রদান করবেন; | বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও বরিশাল। |
| ২.৫ | **বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ বিভাগীয় কার্যালয় নির্মাণের জন্য খাস জমি বরাদ্দ/জমি সংগ্রহ।**<br>(ক) সভায় অবহিত করা হয় যে, ভূমি মন্ত্রণালয় থেকে কল্যাণ বোর্ডের রংপুর বিভাগীয় কার্যালয়ের জন্য প্রতীকী মূল্যে ০.৬৬ একর জমির বন্দোবস্ত পাওয়া গিয়েছে। জেলা প্রশাসন, রংপুর থেকে আনুষ্ঠানিক বরাদ্দপত্র ইস্যু হয়নি এবং সরেজমিন দখল হস্তান্তর করা হয়নি। বিভাগীয় কমিশনার, রংপুর জানান যে, বোর্ডের নামে বরাদ্দকৃত জায়গাটি জেলা প্রশাসকের কোর ল্যান্ডভুক্ত সম্পত্তি বিধায় বন্দোবস্ত বাতিলের জন্য জেলা প্রশাসক অনুরোধ করছেন। এ বিষয়ে মহাপরিচালক বলেন যে, জেলা প্রশাসকের প্রস্তাবের আলোকে ভূমি মন্ত্রণালয়ের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী প্রতীকী মূল্যে কল্যাণ বোর্ডের অনুকূলে ভূমি বরাদ্দ প্রদান করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের পরিপ্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয় কর্তৃক বরাদ্দপত্র জারীর পর এ পর্যায়ে জেলা প্রশাসকের বরাদ্দ বাতিলের প্রস্তাবের বিষয়টি বোধগম্য নয়। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশানার বিষয়ে গুরুত্বারোপ করে সভাপতি বিষয়টি দ্রুত নিষ্পত্তির জন্য বিভাগীয় কমিশনার-কে নির্দেশনা প্রদান করেন। | (ক) মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের প্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয় থেকে বরাদ্দকৃত জমি কল্যাণ বোর্ডের অনুকূলে হস্তান্তর করার বিষয়ে বিভাগীয় কমিশনার, রংপুর ও জেলা প্রশাসক, রংপুর আলোচনা পূর্বক এক সপ্তাহের মধ্যে সভাপতিকে অবহিত করবেন। | (ক) বিভাগীয় কমিশনার, রংপুর। |
| | (খ) বিভাগীয় কার্যালয়, সিলেটের জন্য জমি বরাদ্দের বিষয়ে বিভাগীয় কমিশনার জানান যে, প্রস্তাবিত ভূমির শ্রেণি সংক্রান্ত জটিলতা দ্রুত সম্পন্ন করে ভূমি মন্ত্রণালয়ের প্রস্তাব প্রেরণ করা হবে। | (খ) বিভাগীয় কার্যালয়, সিলেটের প্রস্তাবিত ভূমি বরাদ্দের জন্য দ্রুত ভূমি মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | (খ) বিভাগীয় কমিশনার, সিলেট। |

| | | | |
|---|---|---|---|
| | (গ) বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ জানান যে, বিভাগীয় কার্যালয়সমূহের জন্য প্রস্তাবিত এলাকায় কল্যাণ বোর্ডের জন্য ভূমি বরাদ্দের পরিকল্পনা রয়েছে।<br><br>(ঘ) বিভাগীয় কার্যালয়, বরিশাল এর প্রস্তাবিত ০১ একর জমি বরাদ্দের জন্য কার্যক্রম শুরু হয়েছে। | (গ) বরাদ্দ প্রক্রিয়া দ্রুত গ্রহণ করতে হবে।<br><br>(ঘ)বরাদ্দ প্রক্রিয়া দ্রুত গ্রহণ করতে হবে। | (গ) বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ।<br><br>(ঘ) বিভাগীয় কমিশনার, বরিশাল। |
| ২.৬ | **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভাগীয় কার্যালয়, খুলনায় অবস্থিত কমিউনিটি সেন্টারের সংস্কার।**<br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড-এর নিয়ন্ত্রণাধীন খুলনা কল্যাণ কেন্দ্রের কমিউনিটি সেন্টারটি ৮০ দশকে নির্মিত পুরাতন অডিটোরিয়াম। বর্তমানে এ ধরনের ভবন অচল। পুরাতন অডিটোরিয়াম এবং তৎসংলগ্ন স্থানে অত্যাধুনিক কমিউনিটি সেন্টারের নকশা প্রস্তুত হয়েছে। প্রাক্কলনসহ ডিপিপি দ্রুত প্রস্তুত করার বিষয়ে সভায় গুরুত্বরোপ করা হয়। | বিভাগীয় কার্যালয়, খুলনা কেন্দ্রের অডিটোরিয়াম এর স্থানে একটি মানসম্মত আধুনিক কমিউনিটি সেন্টারের নকশা, ডিপিপি (প্রাক্কলনসহ) প্রস্তুত করে দ্রুত নির্মাণ কাজ শুরু করার পদক্ষেপ গ্রহণ করতে হবে। | বিভাগীয় কমিশনার, খুলনা। |
| ২.৭ | **বোর্ডের সকল ই-সেবার ক্ষেত্রে Unique Registration System প্রণয়ন ও সফটওয়্যারগুলোর ইন্টিগ্রেশন করে <u>অনলাইন ব্যবস্থাপনা চালু</u>:**<br><br>কল্যাণ-যৌথবীমা-দাফন অনুদান সেবাসমূহের সমন্বিত সফটওয়ারের সাথে Unique Registration System প্রণয়নপূর্বক ইন্টিগ্রেশন করে ১ নভেম্বর, ২০২০ হতে প্রধান কার্যালয়ে চালু করা হয়েছে। সমন্বিত সফটওয়্যার ডিসেম্বর, ২০২১ মাসের মধ্যে বিভাগীয় পর্যায়ে চালু করার কার্যক্রম চালু করা হবে। | কল্যাণ-যৌথবীমা-দাফন অনুদানের আবেদন অনলাইনে গ্রহণ করে Unique Registration System এর মাধ্যমে ডিসেম্বর, ২০২১ মাসের মধ্যে বিভাগীয় পর্যায়ে চালু করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড; |
| ৩.০ | **স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের বিভিন্ন শূন্য পদের বিপরীতে জনবল নিয়োগ।**<br><br>**(ক) স্টাফবাস সার্ভিস কর্মসূচি:** বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক পরিচালিত স্টাফবাস সার্ভিস কর্মসূচি একটি স্থায়ী ও অত্যাবশ্যকীয় সেবামূলক কার্যক্রম। ১৯৭৪ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক সৃষ্ট কল্যাণমূলক এ কর্মসূচির মাধ্যমে প্রজাতন্ত্রের কর্মচারীদের পরিবহণ সেবা প্রদান করা হয়। বর্তমানে এ কর্মসূচির অধীনে পরিচালিত ৫৪ টি বাস ও মিনিবাসের মাধ্যমে বিভিন্ন বিভাগীয় কার্যালয়সহ রাঙ্গামাটি পার্বত্য জেলায় কর্মরত সরকারি কর্মকর্তা/কর্মচারিদের পরিবহণ সেবা প্রদান করা হয়। বোর্ড সভার সিদ্ধান্ত অনুযায়ী স্টাফবাস সার্ভিস কর্মসূচির বিভিন্ন ক্যাটাগরিতে ৫৮ টি শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের সিদ্ধান্ত হয়। সে মতে নিয়োগের কার্যক্রম গ্রহণ করা হয় এবং নিয়োগ সংক্রান্ত বাছাই/নির্বাচনি কমিটি সুপারিশ প্রদান করে। নিয়োগ কার্যক্রম চলাকালনি বাছাই কমিটি পরিবর্তন এবং দীর্ঘসূত্রীতা স্বচ্ছতার পরিপন্থী বিধায় মহাপরিচালক (নিয়োগকারী কর্তৃপক্ষ) বাছাই কমিটির সুপারিশ গ্রহণ না করে পুনরায় নিয়োগের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত প্রদান করেন।।<br><br>স্টাফবাস সার্ভিস কর্মসূচির কর্মচারীগণ নিয়মিত অবসরে যাওয়ায় বর্তমানে ০১ জন সুপারভাইজার, ০১ জন টিকেট চেকার, ০১ জন মেকানিক, ০১ জন সহকারী | "স্টাফবাস সার্ভিস কর্মসূচি এবং মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের কর্মচারী চাকুরি নীতিমালা-১৯৯৮" অনুযায়ী স্বচ্ছতার সাথে সরাসরি নিয়োগযোগ্য ৭৮ টি শূন্য পদে দ্রুত নিয়োগ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড; |

| | | | |
|---|---|---|---|
| | মেকানিক, ৩১ জন গাড়িচালক, ০৭ জন মেকানিক হেলপার, ৩১ জন বাস হেলপার ও ০৩ জন দারোয়ানসহ মোট ৭৬ জন কর্মচারির পদ শূন্য রয়েছে।<br><br>**(খ) মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র:** সরকারি কর্মচারিদের ওপর নির্ভরশীল মহিলাদের কর্মমুখী শিক্ষায় শিক্ষিত করে আত্মনির্ভরশীল করে গড়ে তোলার লক্ষ্যে ১২ ফেব্রুয়ারি, ১৯৬৯ তারিখ "মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র" চালু করা হয়। বর্তমানে ঢাকাসহ ০৫ টি বিভাগীয় কার্যালয়ে এ প্রশিক্ষণ কেন্দ্রের আওতায় ০৩ ও ০৬ মাস মেয়াদী বিভিন্ন ট্রেড কোর্স চালু রয়েছে। এসব প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রশিক্ষণ সম্পন্ন করে অনেক প্রশিক্ষণার্থী বিভিন্ন সরকারি/ বেসরকারি সংস্থায় কর্মরত আছে। প্রশিক্ষক ও দারোয়ানের পদ শূন্য থাকায় প্রদান কার্যালয়সহ বিভাগীয় কার্যালয়ে আউট সোসিং এর মাধ্যমে জনবল নিয়োগ করে প্রশিক্ষণ কার্যক্রম ও প্রশিক্ষণ কেন্দ্রের নিরাপত্তা অব্যাহত রাখা হয়েছে।<br><br>মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের নিয়মিত অবসরজনিত কারণে বর্তমানে ০৮ জন প্রশিক্ষিকা, ০৭ জন দারোয়ান ও ০১ জন পরিচ্ছন্নকর্মীসহ মোট ১৬ জন কর্মচারির পদ শূন্য রয়েছে। | | |
| ৪.০ | **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের আগ্রাবাদ, চট্টগ্রামে নিজস্ব জায়গায় ২০তলা ভবন নির্মাণ:**<br><br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের আগ্রাবাদ, চট্টগ্রামে নিজস্ব ০.৯৭ একর জায়গায় ২০তলা বাণিজ্যিক ভবন নির্মাণের লক্ষ্যে বোর্ডের কর্মকর্তাবৃন্দ, গণপূর্ত অধিদপ্তরের প্রকৌশলী এবং স্থাপত্য অধিদপ্তরের স্থপতিবৃন্দ সরেজমিনে পরিদর্শণ করে বহুবিধ সুবিধা সম্পন্ন দৃষ্টি নন্দন ১টি ভবন নির্মাণ এবং বাণিজ্যিক গ্রহণ যোগ্যতা বিষেয়ে একমত পোষণ করেন। সে অনুযায়ী স্থাপত্য অধিদপ্তর কর্তৃক নকশা প্রস্তুত করা হয়েছে। নকশা অনুযায়ী ২০তলা ভবন নির্মাণের প্রাক্কলন প্রস্তুত করার জন্য গণপূর্ত অধিদপ্তরেকে অনুরোধ জানানো হয়েছে। স্থানীয়ভাবে পরিচালক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম সংশ্লিষ্ট দপ্তরসমূহের সাথে সমন্বয় রক্ষা করবেন মর্মে আলোচনা হয়। | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের আগ্রাবাদ, চট্টগ্রামে নিজস্ব জায়গায় কল্যাণ বোর্ডের অর্থায়নে ২০তলা ভবন নির্মাণের লক্ষ্যে স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রণীত নকশা অনুযায়ী প্রাক্কলন ও ডিপিপি প্রস্তুত করে ভবন নির্মাণ কাজ শুরু করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। |
| ৫.০. | **জটিল ও ব্যয়বহুল রোগের দেশে-বিদেশে চিকিৎসা অনুদান আমৃত্যু পর্যন্ত প্রদান:**<br><br>সভায় মহাপরিচালক জানান যে, অসামরিক কর্মে নিয়োজিত সরকারি কর্মচারীগণের জটিল ও ব্যয়বহুল রোগের দেশে-বিদেশে চিকিৎসা জন্য কর্মজীবনে এক বা একাধিকবারে সর্বোচ্চ ২.০০ লাখ টাকা অনুদান প্রদান করা হচ্ছে। অবসরের পর নানাবিধ জটিল ব্যাধিতে আক্রান্তের আশঙ্কা বেশী থাকে বিধায় এ চিকিৎসার আর্থিক সহায়তা কর্মচারীর জীবনে এক বা একাধিক বারে সর্বোচ্চ ২.০০ লাখ টাকা প্রদান করা যেতে পারে। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম, বরিশাল ও রংপুর আলোচনায় অংশ গ্রহণ করে বলেন যে, এটি একটি মহৎ এবং কল্যাণধর্মী উদ্যোগ। | কর্মরত ও অবসরপ্রাপ্ত কর্মচারীর জটিল ও ব্যয়বহুল রোগের ক্ষেত্রে দেশে ও বিদেশে চিকিৎসা জন্য জীবনে এক বা একাধিক বারে সর্বোচ্চ ২.০০ লাখ টাকা প্রদান। এ লক্ষ্যে কল্যাণ বোর্ড আইন, ২০০৪ এর ধারা ৬(ঝ) ধারা সংশোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড ও জনপ্রশাসন মন্ত্রণালয়। |

| | | | |
|---|---|---|---|
| ৬.০ | **কর্মরত কর্মচারীদের ন্যায় অবসরপ্রাপ্ত কর্মচারী দাফন/ অন্ত্যেষ্টিক্রিয়ার অনুদান বৃদ্ধিকরণ:**<br>কর্মরত কর্মচারীদের মৃত্যুজনিত কারণে দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার অনুদান বাবদ ৩০,০০০/- টাকা প্রদানের বিধান এবং অবসর/অক্ষম কর্মচারী মৃত্যুজনিত কারণে ১০,০০০/- টাকা প্রদান করা বিধান রয়েছে। মৃত্যুজনিত সৎকারের কাজ সবার জন্য একই রকম ব্যয় বিধায় কর্মরত, অবসরপ্রাপ্ত কর্মচারী নির্বিশেষে দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার অনুদান ৩০,০০০/- টাকা করাই বাঞ্ছনীয়। | অবসরপ্রাপ্ত কর্মচারী দাফন/ অন্ত্যেষ্টিক্রিয়ার অনুদান ১০,০০০/- টাকার স্থলে ৩০,০০০/- টাকা বৃদ্ধি করতে হবে। | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড ও জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| ৭.০ | **স্টাফবাস সার্ভিস কর্মসূচির মেরামত অনুপযোগী অকেজো ঘোষিত ৩২টি বাস/মিনিবাস উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে বিক্রয়।**<br>পরিচালক (প্রশাসন) সভাকে জানান যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের স্টাফবাস সার্ভিস কর্মসূচির মেরামত অনুপযোগী ৩২ টি বাস/মিনিবাস ইতোমধ্যে অকেজো ঘোষণা করা হয়েছে। অকেজো ঘোষিত মোটরযানগুলো নিষ্পত্তির জন্য "বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মোটরযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ নীতিমালা" 'উন্মুক্ত দরপত্র পদ্ধতি' তে অকেজো ঘোষিত ৩২ টি বাস/মিনিবাস বিক্রয় করা হয়। গাড়িগুলোর বিআরটিএ কর্তৃক সংরক্ষিত মূল্য ৪৫,৩০,০০০/- (পঁয়তাল্লিশ লাখ ত্রিশ হাজার) টাকা এবং উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে বিক্রয়মূল্য ৭৮,০৫,৮০৩/- (আটাত্তর লাখ পাঁচ হাজার আটশত তিন) টাকা। এক্ষণে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর অকেজো ঘোষিত ৩২ টি বাস/মিনিবাস উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে বিক্রয়ের ভূতাপেক্ষ অনুমোদন প্রয়োজন। | বোর্ডের স্টাফবাস সার্ভিস কর্মসূচির অকেজো ঘোষিত ৩২ (বত্রিশ) টি গাড়ি উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে বিক্রয়ের বিষয়ে বোর্ড ভূতাপেক্ষ অনুমোদন প্রদান করেন। | - |
| ৮.০ | **বিবিধ:**<br>**(ক) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের পদসমূহ সংরক্ষণ।**<br>পরিচালক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের স্টাফবাস সার্ভিস কর্মসূচির ১৬৩টি পদ এবং মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের ৪৭টি পদসহ মোট ২১০টি পদ বছরভিত্তিক সংরক্ষণ (Retention) করা হয়ে থাকে। ৩১তম বোর্ড সভায় উক্ত পদসমূহ ৩০ জুন, ২০২১ পর্যন্ত সংরক্ষণের অনুমোদন প্রদান করা হয়েছিল। স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের উক্ত ২১০টি পদ ৩০ জুন, ২০২২ পর্যন্ত পদসমূহ সংরক্ষণ করা যেতে পারে। | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের স্টাফবাস কর্মসূচির ১৬৩টি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের ৪৭ টিসহ মোট ২১০টি পদ ১ জুলাই, ২০২১ হতে ৩০ জুন, ২০২২ পর্যন্ত সংরক্ষণের (Retention) প্রস্তাব অনুমোদন করা হয়। | মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড; |
| | **(খ) আইনগত বিষয়ে আর্থিক সহায়তা প্রদানের ভূতাপেক্ষ অনুমোদন:**<br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (তহবিলসমূহ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ) বিধিমালা, ২০০৬ এর ১৮(১) বিধি মোতাবেক কোন কর্মচারী সরকারি দায়িত্ব পালনের কারণে ব্যক্তিগতভাবে মামলায় জড়িত হয়ে পড়লে তাকে | আর্থিক সহায়তা অনুদান প্রদানের বিষয়ে ভূতাপেক্ষ অনুমোদন প্রদান করা হয়। প্রজ্ঞাপন জারির আইনগত বিষয়টি খতিয়ে দেখতে হবে। | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড ও জনপ্রশাসন মন্ত্রণালয়। |

| | | | |
|---|---|---|---|
| | আইনগত ও আর্থিক সহায়তা বাবদ ১,০০,০০০/- টাকা প্রদান করা যাবে। পরবর্তীতে ১০ সেপ্টেম্বর, ২০১৫ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে আর্থিক সহায়তার সীমা উঠিয়ে দেয়া হয়। সরকারের সাবেক সিনিয়র সচিব জনাব মোঃ মোশাররফ হোসেন ভূইয়া, এনডিসি এর সরকারি দায়িত্ব পালনের কারণে ব্যক্তিগতভাবে মামলায় জড়িত হওয়ায় তার আবেদনের পরিপ্রেক্ষিতে এ সংক্রান্ত কমিটি সুপারিশ মতে আইনগত ও আর্থিক সহায়তা বাবদ ৫,০০,০০০/- (পাঁচ লাখ) টাকা অনুদান প্রদান করা হয়। | | |
| | **(গ) বান্দরবান জেলা শহরে কল্যাণ বোর্ডের ১.০০ (এক) একর জমিতে রেস্টহাউস কাম রিসোর্ট নির্মাণ**<br>বান্দরবান জেলা শহরে পর্যটন এলাকায় ১.০০ একর ভূমি ১৯৮৪ সালে কল্যাণ বোর্ডের নামে বন্দোবস্ত করা হয়। উক্ত স্থানে রেস্টহাউজ এবং রিসোর্ট নির্মাণের উপযুক্ত। কল্যাণ বোর্ড কর্তৃক পর্যটন কেন্দ্রীক স্থাপনা নির্মাণ করে কর্মচারীদের চিত্ত বিনোদনের সুযোগ সৃষ্টি করা যায়। | বিভাগীয় কমিশনার, চট্টগ্রামের নেতৃত্বে সংশ্লিষ্টদের নিয়ে কমিটি গঠন করে প্রতিবেদনের ভিত্তিতে কার্যক্রম গ্রহণ করতে হবে। প্রস্তাবিত রেস্টহাউজের রক্ষণাবেক্ষণ ও এ ধনের অন্যান্য হোটেলের সাথে সামঞ্জস্য রাখার বিষয়টি বিবেচনা নিতে পারে। | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড ও জনপ্রশাসন মন্ত্রণালয়। |
| | **(ঘ) পটুয়াখালী জেলার কুয়াকাটায় রেস্টহাউস কাম রিসোর্ট নির্মাণের জন্য ভূমি বরাদ্দের ব্যবস্থা**<br>মহাপরিচালক জানান যে, তাঁর বরিশাল বিভাগে সম্প্রতিক সফরকালে কুয়াকাটায় ভূমি প্রাপ্তি সাপেক্ষে সরকারি কর্মচারীদের চিত্তবিনোদন ও অবকাশ যাপনের জন্য রেস্টহাউজ এবং রিসোর্ট নির্মাণের লক্ষ্যে ভূমি প্রাপ্তির বিষয়ে বিভাগীয় কমিশনার, বরিশাল এবং জেলা প্রশাসক, পটুয়াখালীর সাথে আলোচনা করেছেন। এ বিষয়ে বোর্ড সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন। | কর্মচারীদের চিত্তবিনোদন ও অবকাশ যাপনের লক্ষ্যে কুয়াটাকায় উপযুক্ত স্থানে রেস্টহাউস কাম রিসোর্টের স্থান নির্বাচন পূর্বক সরকারি ভূমি বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) বিভাগীয় কমিশনার, বরিশাল;<br>(২) জেলা প্রশাসক, পটুয়াখালী<br>(৩) পরিচালক, বিভাগীয় কার্যালয়, বরিশাল। |

সভাপতি তার প্রথম বোর্ড সভায় সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অবদান রাখায় মহাপরিচালকসহ সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কে এম আলী আজম
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।